**Digital Innovation of RHD**

1. **FTP Server**
   সার্ভারের মাধ্যমে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল অফিস সংযুক্ত। FTP সার্ভার ব্যবহার করে বৃহৎ আকারের ফাইল দ্রুত আন্ত:অফিস আদান-প্রদান করা হচ্ছে।

2. **CMS-eGP integration**

   সওজ এর বিভিন্ন দপ্তর, মাঠ পর্যায়ের কার্যালয়ে **CMS(Central Management Syatem)** এ তৈরীকৃত contact সমূহের তথ্য সামঞ্জস্য করার জন্য **CMS** এর সার্ভার এর তথ্য ও **eGP** সার্ভার এ সংশ্লিষ্ট contact এর তথ্য **integration** করা হবে। এর ফলে দপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়ের কাজের গতি এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়বে।

3. **CMS-IBAS integration**

   সওজ এর বিভিন্ন দপ্তর, মাঠ পর্যায়ের কার্যালয়ে আর্থিক লেনদেন সমূহের তথ্য সামঞ্জস্য করার জন্য **CMS** এর সার্ভার এর তথ্য ও **IBAS** সার্ভার এ সাথে **integration** করা হবে। এর ফলে দপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়ের কাজের গতি এবং আর্থিক লেনদেনের স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়বে।

4. **Bidder Database**

   সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)-এর তালিকাভুক্ত ঠিকাদারদের বিভিন্ন তথ্য (যে সব তথ্য দরপত্রে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয়), ডকুমেন্ট Bidder Database এ সংরক্ষন করা হয়। এই সমস্ত ডাটা এবং ডকুমেন্টের মাধ্যমে Bidder দের evaluation সম্পন্ন করা হবে।

5. **Digital Archive**

   সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)-এর বিভিন্ন দপ্তর, মাঠ পর্যায়ের কার্যালয়, বিভিন্ন প্রকল্প, সেতুর প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ নথিসমূহ ডিজিটাইজ করার জন্য ডিজিটাল আর্কাইভ সিস্টেম এ সংরক্ষন হচ্ছে। ফলে প্রয়োজনীয় নথিসমূহ সহজে এবং দ্রুত খুঁজে পাওয়া যাবে। ডিজিটাল আর্কাইভ করার মাধ্যমে নথির গোপনীয়তা, নথিসমূহ প্রাকৃতিক দুর্যোগের কারনে নষ্ট হওয়া বা দূর্ঘটনায় পুড়ে যাওয়া এমনকি সম্পূর্ণরূপে ব্যবহারের অনুপযোগী হওয়া থেকে রক্ষা পাবে এবং সওজ অধিদপ্তরের কার্যক্রম ত্বরানিত হবে।

6. **Project Management System**

   বার্ষিক উন্নয়ন প্রকল্পের (ADP) পাশাপাশি সরকারী বরাদ্দকৃত প্রকল্প, উপ প্রকল্প এবং প্রকল্পের উপাদান এর তথ্য প্রজেক্ট মনিটরিং সিষ্টেম (PrMS) এর মাধ্যমে সংরক্ষণ ও মনিটরিং করা হয়। সওজ এর প্রধান কার্যালয় থেকে প্রতিটি প্রকল্পের আর্থিক করাদ্দ করা হয় এবং প্রকল্প অফিস থেকে প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রজেক্ট মনিটরিং সিষ্টেম এ সংরক্ষণ করা হয়। এর মাধ্যমে বার্ষিক উন্নয়ন প্রকল্প সমূহের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষন করা হয়।

7. **Vehicle Management System （VEMS)**

সড়ক ও জনপথ অধিদপ্তর এবং এর আওতাধীন সব অফিসে ব্যবহৃৎ যানবাহন ও সাঁজসরঞ্জাম এর যাবতীয় তথ্য VEMS সংরক্ষণ করা হয়। যানবাহন ও সাঁজসরঞ্জাম এর ধরণ, চেসিস নং, মডেল, ইনভেন্টরী নং, ব্যাটারী সাইজ, এলটমেন্ট অফিস আরও অন্যান্য তথ্য সংরক্ষণ করা হয় এবং সড়ক ও জনপথ অধিদপ্তর ও মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী রিপোর্ট প্রদান করে থাকে।

8. **Online Road Network System**

অনলাইন রোড নেটওয়ার্ক সিস্টেম এ মহাসড়ক বা সড়কের ও সেতুর নম্বর, নাম, অবস্থান, দৈর্ঘ্য, প্রস্থ কয়েক সেকেন্ডই পাওয়া সম্ভব। একই সাথে সড়কের/সেতুর ট্রাফিক, সংস্কার, মেরামতের এর পূর্ন বিবরন পাওয়া যাবে এবং ব্যবহারকারী সড়কের/সেতুর হালনাগাদকৃত ছবি দেখা যাবে। নির্বাচিত স্থানসমূহের দূরত্ব বা সর্বনিম্ন দূরত্ব ও গতিপথের পূর্ণ বিবরণ পাওয়া যাবে। নির্বাচিত স্থানসমূহের মধ্যে যাতায়াতের জন্য বিকল্প সড়কসমূহ বেছে নিতে পারবে। নির্বাচিত অফিসের অধীন সড়ক, ব্রীজ, টোল প্লাজার তালিকাও পাওয়া যাবে।

9. **Online Promotion/Posting Order System**

সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বদলি বা পদায়ন এর অফিস আদেশ অনলাইনে সম্পন্ন করা যাবে। বদলি বা পদায়ন এর চিঠি অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবরে অনলাইনে প্রেরণ করা যাবে এবং তা ই-মেইল ও এস এম এস এর মাধ্যমে অবহিত করা যাবে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তার নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে বদলি বা পদায়ন এর আদেশ অনুমোদনক্রমে তা উর্ধবতন কর্মকর্তাকে অনুমোদনের জন্য প্রেরণ করতে পারবেন। অনুমোদনদিত অফিস আদেশ সংশ্লিষ্ট বদলি বা পদায়নকৃত কর্মকর্তাগনকে তা ই-মেইল ও এস এম এস মাধ্যমে অবহিত করা যাবে। এবং স্বয়ংক্রিয় ভাবে বদলি বা পদায়নকৃত কর্মকর্তাগনের পারসোনাল ডাটাবেজ হালনাগাদ হয়ে যাবে।

10. **Telephone Directory**

টেলিফোন ডিরেক্টরীতে সওজ অধিদপ্তরের সকল দপ্তর, কার্যালয়, কর্মকর্তাগণের অফিসিয়াল টেলিফোন নম্বর, মোবাইল নম্বর তালিকাভূক্ত করা হয়েছে। এবং প্রয়োজনীয় টেলিফোন নম্বর খুব সহজেই খুজে বের করা যায়।

11. **GIS Road Map**

সওজ অধিদপ্তরাধীন মহাসড়ক ও সড়কের অবস্থান বাংলাদেশের মানচিত্রে চিত্রিত করা হয়েছে। সওজ এর জোনাল ও বিভাগীয় মহাসড়ক ও সড়ক সমূহের অবস্থান জোনাল ও বিভাগীয় মানচিত্রে আলাদাভাবে সন্নিবেশিত করা হয়েছে।

12. **Bridge Album**

সেতু অ্যালবাম প্রণয়ের লক্ষ্যে ২০০৮-২০০৯ সাল থেকে নির্মিতব্য সেতুর তথ্য, কারিগরী ও আর্থিক তথ্যদি সহ হালনাগাদ ছবিসম্বলিত তথ্য ভান্ডার তৈরী করা হয়েছে। ফলে জোনওয়ারী,

মহাসড়কওয়ারী কিংম্বা দেশের অঞ্চলভিত্তিক ও বছর/সাল ভিত্তিক যে কোন সড়ক সেতুর প্রতিবেদন যে কোন সময় প্রনয়ণ করা সম্ভব। এ সফটওয়্যার ব্যবহার করে ভবিষ্যতে নির্মিতব্য সেতুর তথ্যদি অব্যহতভাবে অন্তর্ভুক্ত করা যাবে। সেতুর এসব তথ্যদি ভবিষ্যতে সেতুর নির্মান ও রক্ষনাবেক্ষনে সহায়তা করবে।

**13. CE, RHD Daily Meeting Schedule System**

Meeting Schedule System এ সড়ক ও জনপথ অধিদপ্তর প্রধান প্রকৌশলী মহোদয়ের প্রতিদিনের এবং পূর্ব নির্ধারিত সভা বা অনুষ্ঠানের তথ্য, সময়, স্থান ইত্যাদি ডাটাবেজে সংরক্ষণ করা হয়। এবং কম্পিউটার বা টিভি স্ক্রিনে দেখা যায় এবং পূর্ব নির্ধারিত সভা বা অনুষ্ঠানের তথ্য স্ক্রলিং করে দেখতে পারেন। ফলে প্রধান প্রকৌশলী মহোদয় সহজেই প্রতিদিনের এবং পূর্ব নির্ধারিত সভা সমন্ধে অবহিত হতে পারেন। Meeting Schedule System সওজ অন্যান্য প্রকৌশলীগণও ব্যবহার করতে পারেন।

**14. SMS Gateway**

সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বদলি বা পদায়ন এর অফিস আদেশ এবং অন্যান্য জরুরি ও প্রয়োজনীয় বার্তা **SMS Gateway** এর মাধ্যমে দ্রুত অবহিত করা সম্ভব হবে।

**15. PIMS- National ID, TIN, Driving License information integration**

সওজ এর কর্মকর্তা/কর্মচারীদের পারসোনাল ডাটাবেইজ এ জাতীয় পরিচয়পত্র নম্বর, আয়কর বিবরণী নম্বর, ড্রাইভিং লাইন্সেস নম্বর সংযুক্ত করা হয়েছে। ফলে কর্মকর্তা/কর্মচারীগণ পূর্নাংগ তথ্য সম্বলিত পারসোনাল ডাটাশীট বিভিন্ন দাপ্তরিক কাজে ব্যবহার করতে পারছেন।

**16. Personal Datasheet Web based Report with Printing facility**

সওজ এর কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় তথ্য পারসোনাল ডাটাবেইজ সংরক্ষণ করা হয়। কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত তথ্য, পোস্টিং, বদলি, পদোন্নতি, যোগাযোগ এর তথ্য, ট্রেনিং ও চাকরি সংক্রান্ত যাবতীয় তথ্য পারসোনাল ডাটাবেইজ এ সংরক্ষিত আছে এবং নিয়মিত হালনাগাদ করা হয়। এবং সওজ এবং কর্মকর্তা/কর্মচারীদের এর প্রয়োজন অনুসারে বিভিন্ন রিপোর্ট প্রদান করে থাকে ।

**17. Photo Gallery**

সওজ এর বিভিন্ন কার্যক্রম এর ছবি, সভা বা কনফারেন্স এর ডিজিটাল ছবি সওজ এর ওয়েব সাইটে প্রদর্শন করা হয়। ফলে সওজ এর বিভিন্ন কার্যক্রম সমন্ধে অবহিত হতে পারেন।

**18. Monthly Progress Report**

সওজ এর চলমান প্রজেক্টের অগ্রগতি অনলাইনে করা হয় এবং পাশাপাশি সওজ এর ওয়েব সাইটে প্রকাশ করা হয়।

### 19. eGP Report

সওজ এর প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের অফিস সমূহ  eGP এর মাধ্যমে দরপত্র আহবান করে আসছে। eGP Report এ eGP কার্যক্রমের হালনাগাদ তথ্য সওজ এর ওয়েব সাইটে প্রকাশিত হয়। ফলে সওজ এর উর্ধবতন কর্তৃপক্ষ eGP কার্যক্রম সমন্ধে অবহিত হতে পারেন।